

ইসলামিক ফাউন্ডেশন

(প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান)
মেহেরপুর জেলা কার্যালয়, মেহেরপুর।

স্মারক নম্বর: ইফামে/প্রশাঃ/৬৬/জেঃউঃমডেল মসঃনিঃ/২০২২-২৩/১০৭

তারিখঃ ০৮ ডিসেম্বর ২০২২ খ্রি।

নিয়োগ বিজ্ঞপ্তি (সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের অধীন ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন মেহেরপুর জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নবর্ণিত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত নিম্নোক্ত শর্তানুযায়ী দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রম	পদবি	পদ সংখ্যা	মাসিক সম্মানী (সর্বসাকুল্যে)	যোগ্যতা
০১	পেশ ইমাম	০১ (এক)	১৫,০০০/-	(ক) দ্বিতীয় শ্রেণীর কামিল/দাওরায়ে হাদিস পাশ। কোন প্রতিষ্ঠানে খতিব, মুফতি বা মুহাদ্দিস হিসাবে ০৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (খ) হাফেজ-ই কোরআন ও ইলমে ক্বিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্ত। হাফেজ-ই কোরআন অগ্রাধিকার পাবেন। (গ) আরবিতে কথা বলা ও আরবিতে উপস্থিত বক্তৃতা (খুতবাহ পাঠ) প্রদান এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হবে।
০২	মুয়াজ্জিন	০১ (এক)	১০,০০০/-	(ক) দ্বিতীয় শ্রেণীর আলিম/সমমানের কওমী শিক্ষাগত সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। সংশ্লিষ্ট ক্ষেত্রে/মুয়াজ্জিন হিসাবে ০৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (খ) হাফেজ-ই কোরআন ও ইলমে ক্বিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে।
০৩	খাদেম	০২ (দুই)	৭,৫০০/-	(ক) দ্বিতীয় শ্রেণীর আলিম/সমমানের কওমী শিক্ষাগত সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। (খ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে। (গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে খাদিম হিসেবে ০১(এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তাবলী

- ০১। স্থায়ী জনবল কাঠামো অনুমোদিত না হওয়া পর্যন্ত পরিচালনা কমিটি কর্তৃক সম্মানীর ভিত্তিতে জনবল নিয়োগ দেয়া হবে।
- ০২। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- ০৩। আবেদন ফরম www.meherpur.gov.bd ওয়েবসাইটে/ই-সেবা কেন্দ্র, জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর এ পাওয়া যাবে। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ০৪। ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত ফরম সঠিকভাবে পূরণ করে আগামী ১৮/১২/২০২২ খ্রি. এর মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি অথবা ডাকযোগে ই-সেবা কেন্দ্র, জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর এ প্রেরণ করতে হবে।
- ০৫। আবেদনের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি (খ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি (গ) ০৪(চার) কপি পাসপোর্ট সাইজের ছবির সত্যায়িত কপি দাখিল করতে হবে। আবেদন ও খামের উপর অবশ্যই প্রার্থীর পদের নাম উল্লেখ করতে হবে।
- ০৬। বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান যথাসময়ে মোবাইল/ইমেইল/নোটিশ বোর্ড এর মাধ্যমে জানানো হবে।
- ০৭। আবেদনকারীকে আবেদন পত্রের সাথে পেশ ইমাম পদের ক্ষেত্রে ১,০০০/- (এক হাজার) টাকা, মুয়াজ্জিন পদের ক্ষেত্রে ৮০০/- (আটশত) টাকা এবং খাদেম পদের ক্ষেত্রে ৫০০/- (পাঁচশত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সভাপতি, জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা কমিটি, মেহেরপুর বরাবরে দাখিল করতে হবে।
- ০৮। কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না এবং কোন তথ্য গোপন করে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে বিষয়টি প্রমাণিত হলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- ০৯। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১০। প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।


০৮. ১২. ২০২২

(ড. মোহাম্মদ মুনসুর আলম খান)
জেলা প্রশাসক, মেহেরপুর

ও

সভাপতি

জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা কমিটি
মেহেরপুর।